তারিখ ·15·NOV·2016
পৃষ্ঠা ৩ ... ... কলাম ৯ ... ...

দৈনিক
আমাদের সময়

# অতিরিক্ত ফি আদায়ে শিক্ষা মন্ত্রণালয়ের সতর্কীকরণ

নিজস্ব প্রতিবেদক ●

২০১৭ সালের এসএসসি ও সমমান পরীক্ষার ফরম পূরণের ক্ষেত্রে শিক্ষাবোর্ড ও শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত ফি ছাড়া অতিরিক্ত অর্থ আদায়কারীদের সতর্ক করেছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এই সতর্কীকরণ জারি করা হয়।

এতে বলা হয়, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে দেশের বিভিন্ন স্থানে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা ২০১৭ সালের এসএসসি ও সমমান পরীক্ষার ফরম পূরণের ক্ষেত্রে শিক্ষাবোর্ড ও শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত ফি ব্যতীত অতিরিক্ত অর্থ শিক্ষার্থীদের নিকট হতে আদায় করছেন, যা সরকারি বিধিবিধানের পরিপন্থী।